গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৪.২১.৬১৪

তারিখ: ৪ পৌষ ১৪২৮
১৯ ডিসেম্বর ২০২১

বিষয়: **নওগাঁ জেলার ভিওইল উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ জনাব আবুল কালাম আজাদ এর সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার ভিওইল উচ্চ বিদ্যালয় কলেজের অধ্যক্ষ জনাব আবুল কালাম আজাদ সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন।

দাবীকৃত বকেয়ার বিষয়ে আইন শাখার মতামত : নওগাঁ জেলার ভিওইল মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ জনাব মো: আবুল কালাম আজাদ-কে কলেজ কর্তৃপক্ষ সাময়িক বরখাস্ত করেন এবং পরবর্তীতে ২০/১২/২০১০ তারিখে চূড়ান্ত বরখাস্ত করেন। বরখাস্ত করনের বিষয়টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অনুমোদন করা হয়। বরখাস্তকরণের বিরুদ্ধে অধ্যক্ষ জনাব মো: আবুল কালাম আজাদ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪২৭/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ Rule Absolute করে রায় ও আদেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশের প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ তাকে পুনর্বহাল করেন এবং বর্তমানে তিনি ০১/০৬/২০১০ থেকে ৩১/০৫/২০১৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন। **এই অবস্থার প্রেক্ষিতে বিজ্ঞ আইন উপদেষ্টা ও আইন শাখার মত হলো:** অধ্যক্ষ-কে বরখাস্তকরণ এবং বেতন ভাতা প্রদান না করার বিষয়টি কলেজ কতৃপক্ষের সাথে অধ্যক্ষের অভ্যন্তরীন দ্বন্দ্ব। অধিদপ্তর অধ্যক্ষের বকেয়া বেতন-ভাতা প্রদান করতে পারে না। অধ্যক্ষের বকেয়া বেতন ভাতা জনবল কাঠামোর বিধি অনুসারে কলেজ কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের ফান্ড থেকে প্রদান করবে।

এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আইন শাখার মতামতটি অবহিত করা হলো।

১৯-১২-২০২১
মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক(কলেজ-৩)

অধ্যক্ষ, ভিওইল উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাপাহার,
নওগাঁ।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৪.২১.৬১৪/১(৩)

তারিখ: ৪ পৌষ ১৪২৮
১৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

২) সভাপতি, গভর্নিং বডি, ভিওইল উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাপাহার, নওগাঁ;

৩) সংরক্ষণ নথি।

১৯-১২-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক